UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.org

Ref: ***Date:*** *৩০ মার্চ ২০১০*

প্রেস বিজ্ঞপ্তি

ইউপিডিএফ-এর বিলাইছড়ি ইউনিট অফিস উদ্বোধন উপলক্ষে আলোচনা সভা ও র‍্যালী অনুষ্ঠিত

গতকাল ২৯ মার্চ ২০১০ ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর বিলাইছড়ি ইউনিট অফিস উদ্বোধন উপলক্ষে বিলাইছড়ি বাজারে এক আলোচনা সভা ও র‍্যালী অনুষ্ঠিত হয়েছে।

হাজাছড়া গ্রামের প্রধান বরুণ কার্বারীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন ১ নং বিলাইছড়ি ইউপির ৫ নং ওয়ার্ডের মেম্বার চাইথোয়াই মারমা, ইউপিডিএফ-এর কেন্দ্রীয় সদস্য অনিমেষ চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের সদস্য সচিব মাইকেল চাকমা ও গণতান্ত্রিক যুব ফোরাম বিলাইছড়ি উপজেলা ইউনিটের সভাপতি মহারঞ্জন চাকমা। স্বাগত বক্তব্য রাখেন সাগর চাকমা ও সভা পরিচালনা করেন রিপন চাকমা।

সমাবেশের আগে একটি মিছিল উপজেলা অফিস এলাকা ঘুরে আবার বাজারে এসে শেষ হয়।

ইউপিডিএফ নেতা অনিমেষ চাকমা পার্বত্য চট্টগ্রামের নিপীড়িত জাতি ও জনগণের অধিকার আদায়ের আন্দোলন জোরদার করতে ইউপিডিএফ-এর পতাকাতলে সমবেত হওয়ার জন্য সকল স্তরের জনগণের প্রতি আহ্বান জানান।

সমাবেশে সাজেক ও খাগড়াছড়িতে পাহাড়ি গ্রামে সেনা-সেটলার হামলায় ক্ষতিগ্রস্তদের সাথে সংহতি জানিয়ে বৈসাবি উৎসব বর্জনের ঘোষণা দেয়া হয়।

এছাড়া সাগর চাকমাকে আহ্বায়ক ও বীরোত্তম চাকমাকে সদস্য সচিব নির্বাচিত করে গণতান্ত্রিক যুব ফোরাম বিলাইছড়ি ইউনিটের ২৫ সদস্য বিশিষ্ট কমিটিও উক্ত সমাবেশে ঘোষণা করা হয়।

বার্তা প্রেরক

নিরন চাকমা
প্রেস সেকশন, প্রচার ও প্রকাশনা বিভাগ
ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)
কেন্দ্রীয় কমিটি।